

আশ-শূরা | Ash-Shura | الشُورى

আয়াতঃ ৪২ : ৩৪

আরবি মূল আয়াত:

﴿٣٤﴾ أَوْ يُوبِقُهُنَّ بِمَا كَسَبُوا وَ يَعْفُ عَنْ كَثِيرٍ

অনুবাদসমূহ:

অথবা তাদের কৃতকর্মের জন্য সেগুলোকে তিনি ধ্বংস করে দিতে পারেন, আবার অনেককে তিনি ক্ষমাও করেন।

— আল-বায়ান

কিংবা তিনি ওগুলোকে ধ্বংস করে দিতে পারেন তাদের উপার্জিত পাপের কারণে, আর প্রকৃতপক্ষে তিনি তো (তাদের) অনেক দোষ-ক্রটিই ক্ষমা করে দেন। — তাইসিরাল

অথবা তিনি তাদের কৃতকর্মের জন্য সেইগুলিকে বিধ্বস্ত করে দিতে পারেন এবং অনেককে তিনি ক্ষমাও করেন।

— মুজিবুর রহমান

Or He could destroy them for what they earned; but He pardons much. —
Sahih International

৩৪. অথবা তিনি তারা যা অর্জন করেছে তার কারণে সেগুলোকে বিধ্বস্ত করে দিতে পারেন। আর অনেক (অর্জিত অপরাধ) তিনি ক্ষমাও করেন;

-

তাফসীরে জাকারিয়া

(৩৪) তিনি তাদের (আরোহীদের) কৃতকর্মের জন্য নৌযানগুলিকে ধ্বংস করে দিতে পারেন[1] এবং অনেককে তিনি ক্ষমাও করেন।[2]

[1] অর্থাৎ, সমুদ্রকে নির্দেশ দিলে তাতে উত্তাল তরঙ্গ সৃষ্টি হবে এবং তারা তাতে ডুবে যাবে।

[2] তা না হলে সমুদ্রে সফরকারীদের কেউ নিরাপদে ফিরে আসত না।

তাফসীরে আইসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4306>

৫ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন